ACT

Action
Collaboration
Transformation

অ্যাক্ট কি?

অ্যাক্ট (অ্যাকশন, কোলাবোরেশন, ট্রান্সফরমেশন) হল পোশাক, বস্ত্র ও জুতা শিল্পের রূপান্তরে এবং ক্রয়ের পদ্ধতির সাথে সম্পৃক্ত শিল্পক্ষেত্রে যৌথ দরকষাকষির মাধ্যমে শ্রমিকগণের জন্য বাঁচার মত মজুরী অর্জন করতে আন্তর্জাতিক ব্র্যান্ড ও খুচরা বিক্রেতা এবং ট্রেড ইউনিয়নের মধ্যে একটি যুগান্তকারী চুক্তি।

শিল্পক্ষেত্রে যৌথ দরকষাকষি এর মানে হল কোন দেশের পোশাক ও বস্ত্র শিল্পের শ্রমিকগণ যে কারখানাতেই কাজ করুক না কেন বা যে খুচরা বিক্রেতা বা ব্র্যান্ডের জন্যই উৎপাদন করুক না কেন, তারা একই শর্তাধীণে তাদের মজুরী নিয়ে সমঝোতা করতে পারবে। ক্রয়ের পদ্ধতির সাথে এর যুক্ত থাকার মানে হল দরকষাকষির মাধ্যমে চূড়ান্ত করা মজুরী আন্তর্জাতিক ব্র্যান্ড ও খুচরা বিক্রেতারা এই চুক্তির শর্তাবলী অনুযায়ী প্রদান করতে অঙ্গীকারবদ্ধ। অ্যাক্ট হল এই সেক্টরে বাঁচার মত মজুরীর প্রথম আন্তর্জাতিক প্রতিশ্রুতি যা বাঁচার মত মজুরী অর্জনে ব্র্যান্ড, খুচরা বিক্রেতা, ট্রেড ইউনিয়ন, উৎপাদনকারী প্রতিষ্ঠান ও সরকারসহ সংশ্লিষ্ট সকল পক্ষকে নিজ নিজ দায়িত্ব ও ভূমিকা পালনের জন্য একটি কাঠামো প্রদান করে।

অ্যাক্ট এর সদস্যবৃন্দ

অ্যাক্ট এর স্বাক্ষরকারী সদস্যবৃন্দ নিম্নলিখিত নীতিসমূহে সম্মত হয়েছেন:

- এমন একটি যৌথ কর্মপরিকল্পনা প্রয়োজন যেখানে আন্তর্জাতিক সাপ্লাই চেইন এর সকল অংশীদার সংঘবদ্ধ হওয়ার স্বাধীনতা, যৌথ দরকষাকষি ও বাঁচার মত মজুরী অর্জনে তাদের স্ব স্ব দায়িত্ব পালন করবে।
- জাতীয় পর্যায়ে শিল্প ক্ষেত্রে মালিক, শ্রমিক ও তাদের প্রতিনিধিদের মধ্যে যৌথ দরকষাকষি মাধ্যমে বাঁচার মত মজুরী নির্ধারণ করতে হবে।
- আইএলও কনভেনশন অনুযায়ী শ্রমিকদেরকে সংগঠিত হওয়ার স্বাধীনতা এবং যৌথ দরকষাকষি করার অধিকার প্রদান করতে হবে।

অ্যাক্ট কেন প্রয়োজন?

বর্তমানে অধিকাংশ পোশাক, বস্ত্র ও জুতা উৎপাদনকারী দেশে শ্রমিকগণের মজুরী যেটাকে বাঁচার মত মজুরী হিসাবে ধরা যায় তার অনেক কম। সম্প্রতি সময়ে এটি আরও বেশী পরিস্কার যে, এসব শিল্পের শ্রমিকদের মজুরীকে বাঁচার মত মজুরিতে উন্নিত করার ক্ষেত্রে শুধুমাত্র আন্তর্জাতিক ব্যান্ড ও খুচরা বিক্রেতাদের একক প্রচেষ্টা যথেষ্ট নয়। অ্যাক্ট বাঁচার মত মজুরী অর্জনে একসাথে কাজ করার জন্য আন্তর্জাতিক ব্র্যান্ড ও খুচরা বিক্রেতা, ট্রেড ইউনিয়ন, উৎপাদনকারী প্রতিষ্ঠান ও সরকারসহ সংশ্লিষ্ট সকল পক্ষকে একই ছাতার নিয়ে আসতে চায়।

ন্যূনতম মজুরী নির্ধারণ কৌশল শ্রমিকদের বাঁচার মত মজুরী এর মান-এ উন্নীত করতে অপ্রতুল হিসাবে প্রমানিত হয়েছে। অ্যাক্ট এমনভাবে কাজ করবে যেটি শিল্প পর্যায়ে মালিক ও শ্রমিক উপয়ের মধ্যে যৌথ দরকষাকষি মাধ্যমে এমন একটি চুক্তিতে উপনীত হবে যা কিনা ন্যূনতম মজুরী নির্ধারন কৌশলের উপর ভিত্তি করে বাঁচার মত মজুরী অর্জনে সক্ষম হবে। বাঁচার মত মজুরী অর্জনে ব্যান্ড ও খুচরা বিক্রেতাগন ক্রয়ের পদ্ধিতি বরাবরই গুরুত্বপূর্ণ হিসেবে ভুমিকা পালন করে। অ্যাক্ট স্বাক্ষরকারী এর সদস্যবৃন্দ এতা নিশ্চিত করবে তাদের স্ব স্ব ক্রয়ের পদ্ধতি বাঁচার মত মজুরী প্রদানকে সহজতর করবে।

অ্যাক্ট কীভাবে বাঁচার মত মজুরী এর সংজ্ঞা প্রদান করে?

অ্যাক্ট স্বাক্ষরকারী সদস্যবৃন্দের নীতি অনুসারে শিল্প পর্যায়ে মালিক ও টেড ইউনিয়নসমূহ যৌথ দরকষাকষির মাধ্যমে বাঁচার মত মজুরী নির্ধারণ করবে।

"বাঁচার মত মজুরী হল একজন শ্রমিকের নিজের ও তার পরিবারের মৌলিক চাহিদা মেটানোর জন্য প্রয়োজনীয় ন্যূনতম আয়, যার মধ্যে কিছু স্বীয় ইচ্ছাধীন আয়ও অন্তর্ভূক্ত রয়েছে। এই আয় হবে বৈধ কর্মঘন্টার সীমার মধ্যে (অর্থাৎ, অতিরিক্ত কর্মঘন্টা বাদে)।"

অ্যাক্ট প্রদত্ত সংজ্ঞা

এর মানে হল আলাপ-আলোচনার মাধ্যমে নির্ধারিত মজুরী প্রতিটি দেশে জাতীয় প্রেক্ষাপটে ভিন্ন ভিন্ন হবে এবং তা বাহ্যিক মানদন্ডের পরিবর্তে শ্রমিক ও মালিক পক্ষের প্রয়োজনীয়তার প্রতিফলন ঘটাবে।

অ্যাক্ট এর লক্ষ্য হল বাঁচার মত মজুরী অর্জনের জন্য একটি কৌশল তৈরী করা যা অর্জনযোগ্য, কার্যকরী ও আইনগতভাবে স্বীকৃত এবং প্রয়োগযোগ্য।

অ্যাক্ট কীভাবে বাঁচার মত মজুরী অর্জন করবে?

শিল্প পর্যায়ে যৌথ দরকষাকষি চুক্তি সম্পাদনের লক্ষ্যে অ্যাক্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানের জাতীয় প্রতিনিধিগণের সাথে ট্রেড ইউনিয়নসমুহের দরকষাকষি করার সুযোগ করে দেবে। এসকল চুক্তি আইনগতভাবে সিদ্ধ এবং স্বাক্ষরপ্রদানকারী পক্ষসমূহের জন্য প্রয়োগযোগ্য। এই চুক্তিসমূহ সংশ্লিষ্ট দেশে এই শিল্পের সকল ক্ষেত্রেই প্রযোজ্য হবে এবং একইভাবে এই সেক্টরের সকল শ্রমিক এর আওতাভূক্ত হবে।

অ্যাক্ট এর কাজ আন্তর্জাতিক ব্র্যান্ড ও খুচরা বিক্রেতা, উৎপাদনকারী প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক ট্রেড ইউনিয়ন এবং সরকারের পারস্পরিক সহযোগীতায় সম্পাদিত করে। অ্যাক্ট এর স্বাক্ষরকারী ব্র্যান্ডসমূহ ও খুচরা বিক্রেতাগণ ক্রয়ের পদ্ধতিকে শিল্পক্ষেত্রে যৌথ দরকষাকষির সাথে সম্পৃক্ত করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে যাতে উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ আলাপ-আলোচনার মাধ্যমে নির্ধারিত মজুরী ও কাজের পরিবেশ বিষয়ক চুক্তির শর্ত মেনে চলতে পারে।

একইসাথে উৎপাদনের মান ও ব্যবস্থার উন্নয়নে, যেমন দক্ষ মানবসম্পদ ও মজুরী ব্যবস্থাপনা পদ্ধতি গড়ে তুলতে অ্যাক্ট বিভিন্ন দেশের উৎপাদনকারী প্রতিষ্ঠানের সাথে কাজ করবে। এর মাধ্যমে উৎপাদনশীলতা ও শিল্পোন্নয়ন ত্বরান্বিত হবে। ব্যাবসায়িক নিরাপত্তা এবং উৎপাদনকারী দেশ ও প্রতিষ্ঠানের জন্য ব্যবসায়িক প্রতিশ্রুতি বাঁচার মত মজুরী প্রদানে সক্ষমতা অর্জনের মূল ভিত্তি।

ক্রয়ের পদ্ধতি কি?

ক্রয়ের পদ্ধতি হল সেই পদ্ধতি যে পদ্ধতিতে আন্তর্জাতিক খুচরা বিক্রেতাগণ ও ব্র্যান্ডসমূহ তাদের পণ্য সরবরাহকারী উৎপাদন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ ও ব্যাবসা করে থাকে। ক্রয়ের পদ্ধতির মধ্যে রয়েছে কৌশলগত পরিকল্পনা, পন্য সংগ্রহ, মান উন্নয়ন, পার্চেজিং (ক্রয়) ও এর অন্তর্নিহিত আচরণ, মান এবং নীতি যা শ্রমিকদেরকে প্রভাবিত করে।

"ব্র্যান্ডসমূহ এবং খুচরা বিক্রেতাগণ এটা নিশ্চিত করবে যে তাদের ক্রয়ের পদ্ধতি যেন বাঁচার মত মজুরী প্রদানকে সহজতর করে"

অ্যাক্ট এর সমঝোতা স্মারক

"অ্যাক্ট উদ্দেশ্য সাধনের উপায় পরিবর্তনের জন্য যৌথ প্রচেষ্টার প্রতিশ্রুতিকে ব্যাখ্যা করে। গুরুত্বপূর্ণ বিষয় হল, সাপ্লাই চেইনে মানবাধিকারের তীব্র ঝুকি মোকাবেলায় ব্যবস্থা নিতে কোম্পানীসমূহের নিজেদের একটি দায়িত্ব পালনের উপলব্ধির ফলাফল হল অ্যাক্ট এর মত উদ্যোগসমূহ। এই দায়িত্ব পালনের মধ্য দিয়ে অ্যাক্ট টেকসই উন্নয়নেও একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।"

জন রাগী, জাতিসংঘ মহাসচিবের
ব্যাবসা ও মানবাধিকার বিষয়ক প্রাক্তন বিশেষ প্রতিনিধি

ACT | Action Collaboration Transformation | www.actonlivingwages.com

শিল্পপর্যায়ে দরকষাকষি ন্যূনতম মজুরী নির্ধারণ কৌশল থেকে কীভাবে আলাদা?

ন্যূনতম মজুরী হল একটি দেশ বা সেক্টরে আইনগত ভাবে স্বীকৃত সর্বনিম্ন বেতন। এটি সাধারণত সরকার দ্বারা নির্ধারিত হয়; কিছু কিছু ক্ষেত্রে সরকার এ ব্যাপারে ট্রেড ইউনিয়ন ও মালিকসমূহের প্রতিনিধিগণের সাথে পরামর্শ করে থাকে। বস্ত্র, পোশাক ও জুতা প্রস্তুতকারী দেশসমূহে এই ন্যূনতম মজুরী সাধারণত বাঁচার মত মজুরী থেকে কম।

শিল্প পর্যায়ে যৌথ দরকষাকষি ন্যূনতম মজুরী নির্ধারণ কৌশলের উপর ভিত্তি করে মজুরী ও চাকরির শর্তাবলীর ঠিক করে যা কিনা ঐ শিল্পের জন্য যথাযথ এবং সেটি ট্রেড ইউনিয়ন ও মালিকপক্ষের প্রতিনিধিদের যৌথ সম্মতিতে গৃহীত।

শিল্পক্ষেত্রে যৌথ দরকষাকষি চুক্তির সুবিধাসমূহ কি কি?

উৎপাদনশীলতা বৃদ্ধি ও শিল্পোন্নয়নে সহযোগীতা

দক্ষতা তৈরী; যাতে নিয়োগকারী প্রতিষ্ঠান ও ট্রেড ইউনিয়নের কম রিসোর্সের প্রয়োজন হয়

বিনিয়োগ ও বৃদ্ধির জন্য ব্যাবসায় নিশ্চয়তা প্রদান

দক্ষতা বৃদ্ধি ও যোগ্য শ্রমিকগণকে রাখতে সহযোগীতা করা

একটি 'সাধারন নীতি' তৈরীর মাধ্যমে শ্রমিক কাজে লাগানোর প্রয়োজনীয়তা ও শ্রমিকের জন্য ব্যয় কমিয়ে ফেলা

নিয়োগকারী প্রতিষ্ঠান ও শ্রমিকগণের মধ্যে সামাজিক শান্তি ও গঠনমূলক সম্পর্ক নিশ্চিত করা

অর্থনৈতিক নমনীয়তার ব্যাবসায়িক প্রয়োজন ও শ্রমিকগণের মৌলিক নিরাপত্তার প্রয়োজনীয়তায় পুঙ্খানুপুঙ্খ সমাধান প্রদান করা

অভিবাসী শ্রমিক, চুক্তিভিত্তিক শ্রমিক ও ছোট প্রতিষ্ঠানে কাজ করা শ্রমিকসহ আরও অনেক শ্রমিক একটি যৌথ চুক্তির আওতাভূক্ত তা নিশ্চিত করা

নিয়োগকারী প্রতিষ্ঠানসমূহ যেন নব্যতাপ্রবর্তন ও মানের ভিত্তিতে প্রতিযোগিতা করে এবং কম মূল্য প্রদান ও বাজে শর্ত আরোপের মাধ্যমে অন্যরা যেন তাদের ক্ষতি করতে না পারে তা নিশ্চিত করা

"বাঁচার মত মজুরী প্রদানে কাঠামোগত বাধা ব্যাখ্যা করার মধ্য দিয়ে সম্প্রসারনযোগ্য, টেকসই ও প্রয়োগযোগ্য উপায়ে পোশাক শ্রমিকগণের মজুরীবৃদ্ধির সবচেয়ে ভালো সুযোগ রয়েছে অ্যাক্ট ব্যস্তবায়নের মাধ্যমে।"

জেনী হোল্ডক্রফট্, সহকারী সাধারন সচিব, ইন্ডাস্ট্রিঅল

"অ্যাক্ট একটি যৌথ লক্ষ্যে ব্র্যান্ড, খুচরা বিক্রেতা ও ট্রেড ইউনিয়নকে একত্রিত করে; লক্ষ্যটি হল বস্ত্র শিল্পের শ্রমিকগণের জন্য একটি ন্যায্য বাঁচার মত মজুরী অর্জন। এটা একটা যুগান্তকারী সহযোগীতার বন্ধন এবং দীর্ঘস্থায়ী ও পদ্ধতিগত পরিবর্তন আনার একমাত্র উপায়।"

কার্ল-জোহান পারসন, সি ই ও, এইচ এন্ড এম গ্রুপ

শিল্পক্ষেত্রে দরকষাকষি কার জন্য কী প্রভাব....



শ্রমিক
বেশী বেতন, কাজের ভালো শর্ত ও প্রকৃত উপস্থাপন



রাষ্ট্র
সামাজিক শান্তি, অধিক আয়, শিল্পের আধুনিকায়ন ও অর্থনৈতিক উন্নয়ন

উৎপাদনকারী প্রতিষ্ঠান
অনুপ্রানিত শ্রমিক ও অধিক উৎপাদনশীলতা, ভালো শিল্প সম্পর্ক, অনুমানযোগ্য বেতন নির্ধারন

সাধারণ ক্রেতা
টেকসই ফ্যাশন ও নৈতিক কেনাকাটা



ব্র্যান্ড
আন্তর্জাতিক ভ্যালু চেইনে মানবাধিকারের ডিউ ডিলিজেন্স দায়িত্বসমূহ পালন করা

আন্তর্জাতিক সম্প্রদায়
উন্মুক্ত আন্তর্জাতিক অর্থনীতিতে আরও বেশী ন্যায্য আচরন